

# Visit of Vice President and Minister of Foreign Affairs of Colombia to India (October 1-3, 2021)

October 03, 2021

## কলম্বিয়ার উপ রাষ্ট্রপতি এবং পররাষ্ট্রমন্ত্রীর ভারত সফর(অক্টোবর 1-3,2021)

অক্টোবর03,2021

কলম্বিয়ার উপরাষ্ট্রপতি ও পররাষ্ট্রমন্ত্রী শ্রীমাতী মার্তা লুসিয়া র্যামিরেজ 1-3 অক্টোবর 2021 ভারত সফরে এসেছিলেন। তার সাথে কলম্বিয়ার স্বাস্থ্য ও সামাজিক সুরক্ষা মন্ত্রী ডক্টর লুইস ফার্নান্দো রুইজ, সরকারি আধিকারিকগণ এবং বেসরকারি কোম্পানি ও শিক্ষাপ্রতিষ্ঠানের প্রতিনিধিরাও এসেছিলেন।

2. 1 লা অক্টোবর 2021 তারিখে ভারতের উপরাষ্ট্রপতি শ্রী বেঙ্কাইয়া নাইডু মাননীয়া র্যামিরেজের সাথে সাক্ষাৎ করেন এবং দীর্ঘকাল ধরে চলে আসা দ্বিপাক্ষিক সহযোগিতা সম্পর্কে মত বিনিময় করেন। ভারতের উপরাষ্ট্রপতিকে উপরাষ্ট্রপতি র্যামিরেজ কলম্বিয়া সফরের আমন্ত্রণ জানান। 2 অক্টোবর পররাষ্ট্রমন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর মাননীয়া র্যামিরেজের সাথে দ্বিপাক্ষিক বিষয়ে কথাবার্তা বলেন। 3 অক্টোবর 2021 ক পররাষ্ট্র মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী মাননীয়া মীনাক্ষী লেখি মাননীয়া র্যামিরেজের সাথে সাক্ষাৎ করেন। গত মাসে তার কলম্বিয়া সফরে মাননীয়া র্যামিরেজের সাথে আলোচনা খুবই ফলদায়ক হয়েছিল।

3. মাননীয়া র্যামিরেজ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রকের উচ্চপদস্থ আধিকারিকদের সাথে আলোচনা করেন। তিনি ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিকেল রিসার্চের আধিকারিকদের সাথে জৈবপ্রযুক্তি এবং ভ্যাকসিন ও ফার্মাসিউটিক্যাল পণ্যের উন্নতির জন্য একসাথে উৎপাদন এবং প্রযুক্তি হস্তান্তর বিষয়ে সম্ভবনার দিকগুলি নিয়ে আলোচনা করেন। পরে জৈবপ্রযুক্তি বিভাগ ও ICMR কলম্বিয়ার অনুরূপ সংস্থার সাথে জৈবপ্রযুক্তি এবং চিকিৎসাবিজ্ঞান সম্পর্কিত গবেষণায় সহযোগিতার উন্নতিকল্পে একটি লেটার অফ ইন্টেন্ট স্বাক্ষর করে।

4. মাননীয়া র্যামিরেজের সফরের আগে 27-30 সেপ্টেম্বর কলম্বিয়ার স্বাস্থ্য ও সামাজিক সুরক্ষা মন্ত্রী লুইজ ফারনান্দর নেতৃত্বে 48 জনের একটি প্রতিনিধিদল পুণে এবং

বেঙ্গালুরু ভ্রমণ করেছিলেন এবং ভারতীয় ফার্মাসিউটিক্যাল কোম্পানি এবং সেন্টার অফ এক্সিলেন্স পরিদর্শন করেছিলেন। তারা ISROক -র নানা কর্মকান্ডও পরিদর্শন করেছিলেন এবং নিউ স্পেস ইন্ডিয়া লিমিটেড এবং হিউম্যান স্পেস ফ্লাইট সেন্টারের প্রতিনিধিদের সাথে সাক্ষাত করেছিলেন।

5. ল্যাটিন আমেরিকায় ভারতের এক গুরুত্বপূর্ণ অংশীদার কলম্বিয়া এবং এই দুই দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক ক্রমশই বিস্তৃত হচ্ছে, বিশেষ করে অর্থনৈতিক ও ব্যবসায়িক ক্ষেত্রে, এমনকি এই অতিমারির বাধা সত্ত্বেও। মাননীয় র‍্যামিরেজের ভারত সফরের আগে পররাষ্ট্র মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী মাননীয় মীনাক্ষী লেখি 4-6 সেপ্টেম্বর 2021 কলম্বিয়া সফরে গেছিলেন। মাননীয় র‍্যামিরেজের এই সফর ভারত ও কলম্বিয়ার দ্বিপাক্ষিক সম্পর্ককে আরো মজবুত করবে এবং তাতে আরো বৈচিত্র আনবে।

নিউ দিল্লি

অক্টোবর 03,2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.